

অদম্য এক নারীর জীবন সংসার

“বিশ্বে যা কিছু মহান সৃষ্টি চির কল্যাণকর অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর” তা আরও একবার প্রমাণ করলো, রাজারহাটের রুমা পারভীন। কুড়িগ্রামের রাজারহাটে অটো চালিয়ে সংসার চালাচ্ছেন রুমা পারভীন (২২) নামের এক তরুণী। উপজেলায় এই প্রথম একজন নারীকে অটো চালক হিসেবে দেখে অবাক অনেকেই, কেউ কেউ সাহস দিচ্ছেন এই নারীকে। যাত্রীর সম্মান করেন তাকে। প্রতিটি পথ ঘাট তার চেনা, সাচ্ছন্দেই যাত্রী পরিবহন করছেন উপজেলার আনাচে কানাচে। তবে বিকেলের পরে আর অটো চালান না রুমা পারভীন। যাত্রী সেজেই কথা হয় এই প্রতিবেদকের সাথে। তিনি বলেন উপজেলা সদর ইউপির সামকালিয়া (নাটুয়ামহাল মৌজা) গ্রামের রফিকুল ইসলাম ও পারভীন বেগম দম্পতির কন্যা। পরিবারে ৩ ভাই ১ বোন, বড় দুই ভাই বিয়ে সাদী করে আলাদা সংসার তাদের। ছোট ভাই বাবা ও মা কে নিয়ে তার সংসার। গত ২০১৮ সালে পারিবারিক ভাবেই তার বিবাহ হয়েছিল। ২ বছর যেতে না যেতেই স্বামি তাকে ছেড়ে চলে যায়। বাবার ঘরে ফিরে আসে অসহায় রুনা। তিনি বলেন চারিদিকে অন্ধকার দেখি, বাবা মায়ের সংসারে বোঝা না হয়ে কিছু করার চিন্তা মাথায় আসে, এক পর্যায়ে অটো চালার সিদ্ধান্ত গ্রহণ করি। একজনের কাছ থেকে দিন হাজিরা হিসেবে ভাড়া নিয়েই চলছেন। প্রতিদিন তার আয় ৩০০/৪০০ টাকা থেকে মালিককে ভাড়া দিতে হয় দিনে ১৫০ দিতে হয়। তার স্বপ্ন একদিন নিজের টাকায় অটো কিনবেন। প্রথম দিকে সংকোচ মনে হলেও ধীরে ধীরে সব কিছু স্বাভাবিক হয়ে বিদ্যুৎ চালিত অটো চালিয়ে সংসার চলছে এটাই বাস্তবতা।